গরীবে নেওয়াজ উচ্চ বিদ্যালয়
GARIB-E-NEWAZ HIGH SCHOOL

ব্লক-আই, হালিশহর হাউজিং এষ্টেট, থানা-হালিশহর, চট্টগ্রাম। EIIN # 104664, বিদ্যালয় কোড # ৩০১৬
ফোন ঃ ৭১২৬২৮, ইমেইল-gnhsc@yahoo.com, Web : gnsc.edu.bd

স্থাপিত ঃ ১৯৮০ ইং

তারিখ: ০৩ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ
১৮ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

ভর্তি বিজ্ঞপ্তি-২০২৭

বিষয়: **২০২৭ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণীর ভর্তি বিজ্ঞপ্তি।**

সূত্র: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.০৬.০২১.১৬(অংশ-১).২৭০ ও তারিখ: ১০ নভেম্বর ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয়, সূত্র ও স্মারকের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র বিদ্যালয়ে ২০২৭ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণীতে ভর্তি পরীক্ষার মাধ্যমে নতুন শিক্ষার্থী ভর্তি করা হবে। অদ্য ১৮/১১/২০২৬ তারিখ হতে ১৩/১২/২০২৬ তারিখের মধ্যে বিদ্যালয়ের ওয়েবসাইটে (gnsc.edu.bd) প্রবেশ করে **'ভর্তি'** অপশন নির্বাচন করে **'আবেদন করুন'** অংশে প্রবেশ করে ভর্তি ফরম পূরণপূর্বক অনলাইনে আবেদন সাবমিট করে প্রবেশপত্র প্রিন্ট করা যাবে। সফলভাবে অনলাইনে আবেদন ফরম পূরণ করার পর স্বয়ংক্রিয়ভাবে আবেদনকারীকে একটি পিন (আবেদন আইডি) প্রদান করা হবে যা ভর্তি পরীক্ষার রোল নম্বর হিসেবে ব্যবহার করা হবে এবং পরবর্তীতে ভর্তির সকল কার্যক্রমে ব্যবহৃত হবে।

১। **অনলাইনে আবেদনের সময় যে সকল কাগজপত্র প্রয়োজন:-**
- (ক) শিক্ষার্থীর অনলাইন ইংরেজি জন্মনিবন্ধন সনদ।
- (খ) শিক্ষার্থীর এক কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
- (গ) শিক্ষার্থীর পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্র।

২। ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির অনলাইনে আবেদন ফি: **২৫০/= (দুইশত পঞ্চাশ টাকা)।**

৩। **৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির ভর্তি পরীক্ষার মানবন্টন ও সময়সূচি:-**

বাংলা-৩০ নম্বর	ইংরেজি-৩০ নম্বর	গণিত-৪০ নম্বর	পূর্ণমান-১০০ নম্বর	সময়-২ ঘণ্টা
ভর্তি পরীক্ষার তারিখ: ১৭/১২/২০২৬ খ্রি. বৃহস্পতিবার সকাল ৯:০০ ঘটিকা হতে ১১:০০ ঘটিকা				
ফলাফল প্রকাশের তারিখ : ১৮/১২/২০২৬ খ্রি. শুক্রবার। ৬ষ্ঠ শ্রেণির সাক্ষাৎকার গ্রহণ : ১৯/১২/২০২৬ খ্রি. শনিবার সকাল ৯:০০ ঘটিকা।				

বিশেষ নির্দেশনাবলি:-

১। অনলাইনে আবেদন করার সময় ছাত্র হলে প্রভাতী শাখা (Morning_Shift) ও ছাত্রী হলে দিবা শাখা (Day_Shift) সিলেক্ট করতে হবে। অনলাইনে আবেদন করার সময় অবশ্যই শিক্ষার্থীর পিতা/মাতার সচল মোবাইল নম্বর ব্যবহার করতে হবে। অনলাইন আবেদনে শিক্ষার্থীর ছবির সাইজ ৩০০×৩০০ পিক্সেল এর হতে হবে।

২। অনলাইনে সকল তথ্য পর্যাপ্ত যাচাই-বাছাই শেষে সাবমিট করতে হবে। তথ্য সাবমিট ও পেমেন্ট সম্পন্ন করার পর অনলাইন আবেদনের কপি, প্রবেশপত্রের কপি ও দুই কপি সদ্য তোলা রঙিন পাসপোর্ট সাইজের ছবিসহ ০১ সেট ফটোকপি বিদ্যালয়ের অফিস কক্ষ (১০১)-এ জমা দিয়ে রিসিভিং গ্রহণ করতে হবে।

মোহাম্মদ রফিকুল ইসলাম
প্রধান শিক্ষক
গরীবে নেওয়াজ উচ্চ বিদ্যালয়
হালিশহর, চট্টগ্রাম।